



## বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

### সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, সুনামগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলার জন্য)

বুলেটিন নং ১০৪

প্রকাশের তারিখ: ১১/০৯/২০২৫

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের বিশেষ বার্তা (১১.০৯.২০২৫) অনুযায়ী আগামী ০৫ দিনে, ১১ থেকে ১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রি: সময়ের মধ্যে রংপুর বিভাগের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং তিস্তা নদী বিপদসীমা অতিক্রম করতে পারে। এই সময়ে লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম জেলার উক্ত নদীসংলগ্ন নিম্নাঞ্চলসমূহ প্লাবিত হতে পারে। এছাড়াও এই সময়ে সুরমা, সারিগোয়াইন, যাদুকাটা, সোমেশ্বরী, ভুগাই-কংস নদীসমূহ সতর্কসীমায় প্রবাহিত হতে পারে এবং সিলেট, সুনামগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলার উক্ত নদীসংলগ্ন নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

- দ্রুত পরিপক্ক সবজি সংগ্রহ করে ফেলুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। জলাবদ্ধতা পরিহারের জন্য জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
- আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- আমন ধানের জমির আইল উঁচু করে দিন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- কলা ও দণ্ডায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- আখের ঝাড় বেঁধে দিন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন অতিরিক্ত পানিতে মাছ ভেসে না যায়।

১১/০৯/২০২৫

(উর্মা আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে